একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত (সংশোধিত)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd
রাজশাহী শিক্ষা বোর্ড.বাংলা

## জরুরী বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর : ৫৫৩/জে.এস.সি (নিবঃ)/ বি.প তারিখঃ ২১/০৮/২০২৫

**বিষয় ঃ ২০২৫ সালে ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন করণ প্রসঙ্গে।**

অত্র বোর্ডের আওধীন শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/ প্রধান শিক্ষককে উপযুক্ত বিষয়ের নিদের্শনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিদের্শক্রমে অনুরোধ করা হলো।

১ জাতীয় শিক্ষা নীতি ২০১০ অনুয়ায়ী পরীক্ষা অনুষ্টানের বছর ১লা জানুয়ারী শিক্ষার্থীর নুন্যতম বয়স ৯+ বছর এবং ৩১ ডিসেম্বরে ১৫ বছর, তবে বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধি) শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২২ বছর।

২ ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারি এডুকেশন অর্ডিন্যান্স ১৯৬১(১৯৬১ সনের ৩৩ নং আইন) এর ৩৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৪/১৯৯৭ তারিখের শিম/শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/২৩০/(৬০০) নং স্মারক,৩০/১০/২০২২তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০০২.২০২২.২৭৩ নং স্মারকে এবং১৩/০৭/২০২৩ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০০২.২২.১৪৪ নং স্মারকে জারিকৃত বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল,কলেজ,ও মাদরাসা) স্থাপন,চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালায় মাধ্যমিক ও উচ্চ ম্যাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী কর্তৃক পাঠদানের অনুমিত ও স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীরা কেবলমাত্র নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনের সুযোগ পাবে।

৩ বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পার্শ্ববতী বা নিকটতম অনুমোদিত নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/স্কুল এন্ড কলেজের মাধ্যমে রেজিস্ট্রেশন করা যাবে। <u>কোন অবস্থাতেই পাঠদানে অনুমতিবিহীন প্রতিষ্ঠানগুলো নিজ বিদ্যালয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না;</u>

৪ রাজশাহী বোর্ডের ওয়েবসাইটে OEMS/ESIF বাটনে ক্লিক করে EIIN ও Passward দিয়ে লগইন(Loing) করলে Dashboard থেকে ESIF CLASS-VI তে ক্লিক করলে Payable fees of CLASS-VI 2023 Registration Applicant Name,Mobile No. Number No.of Students Print দিয়ে Sonali Seba সোনালী সেবার স্লিপটি প্রিন্ট করতে হবে( বিঃদ্রঃ ফরমটি কোনভাবেই ফটোকপি করে ব্যাংকে জমা দেয়া যাবে না।

ব্যাংকে ২৪ ঘন্টার মধ্যে পেমেন্ট ক্লিয়ার করলে নির্ধারণকৃত শিক্ষার্থীদের পূরণ করা যাবে। যে পেমেন্ট ক্লিয়ারের পরে নির্ধারিত সময়ে মধ্যে পূনরায় সোনালী সেবায়র স্লিপ বের করা যাবে।

৫ শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪,০২২.১৭.৪৩৬ মোতাবেক ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী পর্যন্ত ( ২০+২০+২০)= ৬০ টাকা যুব রেড ক্রিসেন্ট ফি নির্ধারন করা হয়েছে। তন্মধ্যে ৬ষ্ঠ শ্রেণীতে প্রতি শিক্ষার্থীর নিকট হতে ২০ টাকা গ্রহন করে এর ৬০% অথাৎ ১২(বার) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেডক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ০৮/-(আট) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

৬ শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যদের দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে যথাযথ ভাবে নিশ্চিত করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের নিযুক্ত করা যাবে না। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষন করতে হবে। শিক্ষার্থীর তথ্যে ভুল-ত্রুটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন।

৭ **ফি জমাদান ও eSIF পূরণের তারিখ ২৫/০৮/২০২৫ থেকে ১৭/০৯/২০২৫ তারিখ পর্যন্ত।**

**জনপ্রতি রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি নিম্নরুপ:**

| রেজিঃ ফি | স্কাউট ফি | রেডক্রিসেন্ট ফি | ক্রীড়া ফি | বেসরকারি অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের তহবিল | বিলম্ব ফি | মোট ফি এর পরিমান | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | বিলম্ব ফি ব্যতিত | বিলম্ব ফি সহ |
| ৫০/- | ২৫/- | ৮/- | ৫০/- | ১০০/- | ৫০/- | ২৩৩/- | ২৮৩/- |

৮ শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্নর পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানের সংরক্ষণ করতে হবে।

৯ নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (যে সকল প্রতিষ্ঠান ইতিপূর্বে নিজ নামে পরীক্ষায় অংশগ্রহণ করেনি) ব্যানবেইস হতে EIIN সনদ সংগ্রহ করার পর সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা জমা দিয়ে বিদ্যালয় শাখার মাধ্যমে Loing Passward সংগ্রহ করবে।

১০ (ক) শিক্ষার্থীর পিতা ও মাতার এসএসসি সনদধারী হলে তাদের মূলসনদ অনুযায়ী অথবা প্রাথমিক সমাপনি পরীক্ষা পাসের সনদ অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে।

(খ) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী না হলে জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে।

(গ) শিক্ষার্থীর নিজ,পিতা ও মাতার নামের পূর্বে মিস,মিসেস,কুমারী,জনাব,মিঃ,মৌলভী,আলহাজ্ব, অধ্যাপক,ব্যারিষ্টার, ইঞ্জিনিয়ার,কর্ণেল,ড.,ডাঃ, শ্রী,শ্রীমতি, বাবু,মৃত,মরহুম ইত্যাদি পদবী সংযোজন করা যাবে না।

(ঘ) সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি হালসন নাগাদ থাকতে হবে।

১১ বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের সকল তথ্য নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি করবে। উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা এ কারনে শিক্ষার্থীর কোনো সমস্যা হলে এর দায়- দায়িত্ব প্রতিষ্ঠান প্রাধনকে বহন করতে হবে।

১২ স্বীকৃতি বিহীন/হালনাগাদ স্বীকৃতি নবায়ন নেই এ ধরনের কোন শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনে রেজিস্ট্রেশন করলে সে সকল প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১৩ বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে বিশেষ চাহিদাসম্পন্ন কি না তা উল্লেখ করতে হবে এবং প্রমাণ স্বরূপ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

১৪ প্রত্যেক শিক্ষার্থীর ডিজিটাল জন্মনিবন্ধন সনদ সংযুক্ত করতে হবে।

১৫ যেসকল স্কুল এবং স্কুল ও কলেজ-এর নিম্ন মাধ্যমিক পর্যায়ে হালনাগাদ পাঠদান/একাডেমিক স্বীকৃতি/স্বীকৃতি নবায়নের মেয়াদ নেই সেসকল শিক্ষা প্রতিষ্ঠানকে অতিসত্ত্বর পাঠদান/ একাডেমিক স্বীকৃতি/স্বীকৃতি নবায়নের মেয়াদ বৃদ্ধির আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | জেলার নাম | বিলম্ব ফি ছাড়া সোনালী সেবা মাধ্যমে টাকা জমাদানের শেষ তারিখ | বিলম্ব ফিসহ সোনালী সেবা মাধ্যমে টাকা জমাদানের শেষ তারিখ | তালিকা সহ সোনালী সেবার রশিদ জমার নির্ধারিত তারিখ | অনলাইনে রেজিস্ট্রেশনের কার্যক্রম শুরুর তারিখ | অনলাইনে রেজিস্ট্রেশনের কার্যক্রম শেষ করার তারিখ | হার্ডকপি জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | রাজশাহী | ২৫/০৮/২০২৫ থেকে ০৩/০৯/২০২৫ সকল জেলা | ০৪/০৯/২০২৫ থেকে ১৪/০৯/২০২৫ সকল জেলা | ২১/০৯/২০২৫ | ২৫/০৮/২০২৫ সকল জেলা | ১৭/০৯/২০২৫ সকল জেলা | ০৫/১০/২০২৫ সকল জেলা |
| ২ | পাবনা | | | ২২/০৯/২০২৫ | | | |
| ৩ | নাটোর | | | ২৩/০৯/২০২৫ | | | |
| ৪ | নবাবগঞ্জ | | | ২৪/০৯/২০২৫ | | | |
| ৫ | সিরাজগঞ্জ | | | ২৫/০৯/২০২৫ | | | |
| ৬ | বগুড়া | | | ২৮/০৯/২০২৫ | | | |
| ৭ | নওগাঁ | | | ২৯/০৯/২০২৫ | | | |
| ৮ | জয়পুরহাট | | | ৩০/০৯/২০২৫ | | | |

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-
মো: শামীম হাসান
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
ফোন : ০২৫-৮৮৮৫৫৭৬৮ (অফিস)

স্মারক নম্বর : ০১/৬ষ্ট/জে.এস.সি (নিবঃ)/১১০৪ (৩৫০০)/বি/প তারিখ : ২১/০৮/২০২৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতি প্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়,স্কুল এন্ড কলেজ এবং ৬ষ্ঠ শ্রেণীর পাঠদানের অনুমতি প্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণ।

২। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-পরিচালক(হিঃ ও নিঃ)/সিনিয়র সিস্টেম এনালিস্ট(চঃদাঃ)/প্রধান মূল্যায়ন অফিসার(চঃদাঃ),উপ-সচিব (প্রশাসন),নিরাপত্তা অফিসার ,শাখা কর্মকর্তা, পত্রগ্রহণ শাখা/হিসাব (আয়) শাখা, সংস্থাপন শাখা/বৃত্তি ও সিলেবাস শাখা, চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড।

৩। ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ, গ্রেটার রোড শাখা, লক্ষীপুর, রাজশাহী।

৪। বাংলাদেশ স্কাউটস রাজশাহী অঞ্চল, নওদাপাড়া, রাজশাহী।

৫। অফিস কপি

২১.৮.২৫

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
ফোন : ০২৫-৮৮৮৫৫৭৬৮(অফিস)

২৭/৮/২৫